# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৪১৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৫. তৃতীয় অনুচ্ছেদ - খুতবাহ্ ও সালাত

### আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: لَمَّا اسْتَوَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ الْجُمُعَةِ عَلَى الْمِنْبَرِ قَالَ: «اجْلِسُوا» فَسَمِعَ ذَلِكَ ابْنُ مَسْعُودٍ فَجَلَسَ عَلَى بَابِ الْمَسْجِدِ فَرَآهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «تَعَالَ يَا عَبْدَ اللَّهِ بْنَ مَسْعُودٍ» رَوَاهُ أَبُو دَاوُدَ

### বাংলা

১৪১৮-[১৮] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, জুমু’আর সালাতের দিন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বারে উঠে বসে বললেন, তোমরা বসো। ’আবদুল্লাহ ইবনু মাস্’ঊদ (রাঃ) এ নির্দেশ শুনে মসজিদের দরজায় বসে পড়লেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা দেখলেন এবং বললেন, হে ’আবদুল্লাহ ইবনু মাস্’ঊদ! এগিয়ে এসো। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ১০৯১, মুসতাদরাক লিল হাকিম ১০৫৬, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৫৭৪৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস খতীবের মিম্বারের উপর প্রয়োজনীয় কথা বলার বৈধতার দলীল। আবূ দাঊদ (রহঃ) অধ্যায় সাজিয়েছেনঃ (اَلْإِمَامُ يُكَلِّمُ الرَّجُلَ فِىْ خُطْبَتِه) ইমাম তার খুতবায় কোন ব্যক্তির সঙ্গে কথা বলতে পারবেন। বায়হাক্বী তার সুনানের ৩য় খন্ডের ২১৭ পৃষ্ঠা অনুরূপ বর্ণনা করেছেন এবং এটাকেই শক্তিশালী করছে মসজিদে প্রবেশকারী লোকটির ঘটনা। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে তাহ্ইয়্যাতুল মাসজিদ আদায়ের নির্দেশ দিলেন। ইবনু হাজার (রহঃ) বলেনঃ মৌলিক বিষয় হলো নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপস্থিত উপবিষ্ট ব্যক্তিদের একজনকে সালাতের জন্য দাঁড়াতে দেখলেন এবং তাকে বসার নির্দেশ দিলেন। কারণ ইমাম মিম্বারে উপর বসার পর (মসজিদে) উপবিষ্ট ব্যক্তির উপর সর্বসম্মতিক্রমে (নফল সালাত আদায় করা) হারাম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55978

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন